# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

এমন ঢঙে বসবেন না, যেমন ঢঙে বসতে আমাদের শরীয়ত আমাদেরকে নিষেধ করেছে

শারীদ বিন সুয়াইদ (রাঃ) বলেন, একদা রাসুল (ﷺ) আমার নিকট এলেন। তখন আমি এমন ঢঙে বসেছিলাম যে, বাম হাতকে পশ্চাতে রেখেছিলাম এবং (ডান) হাতের চেটোর উপর ভরনা দিয়েছিলাম। এ দেখে আল্লাহর রাসুল (ﷺ) আমাকে বললেন, “(আল্লাহর) ক্রোধভাজন (ইয়াহুদী) দের বসার মত বসো না।”[1]

যেমন রাসুল (ﷺ) রোদ ও ছায়ার মাঝামাঝি স্থানে বসতে নিষেধ করেছেন। এ ব্যাপারে তিনি বলেছেন, “(রোদ ও ছায়ার মাঝে বসা হল) শয়তানের বৈঠক।”[2]

পরিধানে লুঙ্গি বা লুঙ্গিজাতীয় এক কাপড় পরে উভয় পায়ের রলাকে খাড়া করে রানের সাথে লাগিয়ে উভয় পা-কে দুই হাত দ্বারা জড়িয়ে ধরে অথবা কাপড় দ্বারা বেঁধে বসা বৈধ নয়।[3] কারণ, এতে লজ্জাস্থান প্রকাশ পাওয়ার, চট্ করে ঘুম চলে আসার এবং তাতে পড়ে যাওয়ার আশঙ্কা থাকে তাই। অবশ্য লুঙ্গির ভিতরে অন্য কাপড় (আ-ার প্যান্ট্) থাকলে, লজ্জাস্থান প্রকাশের ভয় এবং পড়ে যাওয়ার আশঙ্কা না থাকলে ঐ শ্রেণীর বসা দোষাবহ হবে না।

## ফুটনোট

[1]. আহমদ ৪/৩৮৮, আবূ দাঊদ হা/৪৮৪৮, ইবনে হিববান, হাকেম ৪/২৬৯, সহীহ আবূ দাঊদ ৪০৫৮

[2]. আহমদ ৩/৪১৩, হাকেম ৪/২৭১, সিলসিলাহ সহীহাহ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/৮৩৮

[3]. মুসলিম, আবূ দাঊদ হা/১১১০, তিরমিযী হা/৫১৪

Source — https://www.hadithbd.com/books/link/?id=8044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন